

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৭৩৮

বিশ্বামগঙ্গ, ৩০ জানুয়ারি, ২০২৪

বিকশিত ভারত সংকল্প যাত্রা

বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা মানুষের ঘরে ঘরে
পৌছে দিচ্ছে রাজ্য সরকার : মুখ্যসচেতক

সিপাহীজলা জেলাভিত্তিক বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ উপলক্ষে দু'দিনের মেলা আজ জেলাশাসক কার্যালয় প্রাঙ্গণে শুরু হয়েছে। মেলার উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়। এই অনুষ্ঠানে প্রধান অতিথি তিসেবে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, উপস্থিত ছিলেন জেলাশাসক ও সমাহর্তা নাগেশ কুমার বি, জেলা পুলিশ সুপার বি জে রেডি, অ্যাসিস্টেন্ট কালেক্টর ডা. দীপক কুমার, সমাজসেবী গৌরাঙ্গ ভোমিক ও মহম্মদ জসীমউদ্দীন প্রমুখ।

মেলার উদ্বোধন করে মুখ্যসচেতক কল্যাণী সাহা রায় বলেন, বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা মানুষের ঘরে ঘরে পৌছে দিচ্ছে রাজ্য সরকার। এই বিষয়ে তিনি প্রধানমন্ত্রী আবাস যোজনায় পাকা ঘর, জল জীবন মিশনে পানীয় জলের ব্যবস্থা, বিদ্যুৎ সংযোগ, শৈক্ষালয়, গ্রামীণ মহিলাদের জন্য উজ্জ্বলা যোজনায় রান্নার গ্যাসের সংযোগ, কৃষকদের আর্থিকভাবে স্বাবলম্বী করার জন্য কৃষক সম্মান নিধি, ফসল বীমা যোজনা প্রত্তি প্রকল্পের কথা তুলে ধরেন। তিনি বলেন, মহিলাদের ক্ষমতায়নের জন্য কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছে। রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজে সহযোগিতা করার জন্য তিনি সবার প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে জিলা সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত বলেন, এই জেলার সমস্ত নাগরিকদের কাছে সরকারি সুযোগ সুবিধা পৌছে দেওয়ার জন্য বিভিন্ন দপ্তরের আধিকারিক এবং কর্মীগণ কাজ করছেন। সমাজের অন্তিম ব্যক্তির কাছে এই সব সুযোগ সুবিধা পৌছে দিতে আরও আন্তরিকতার সাথে কাজ করার জন্য তিনি সবার প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলাশাসক নাগেশ কুমার বি। সিপাহীজলা জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত দু'দিনব্যাপী এই মেলায় ৩৫টি দপ্তরের প্রদর্শনী মন্ডপ খোলা হয়েছে। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজন করা হয়েছে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের।
